



রপ্তানি উন্নয়ন ব্যুরো  
মেলা ও প্রদর্শনী বিভাগ  
টিসিবি ভবন ১, কাওরান বাজার  
ঢাকা।



নং- ২৬.০২.০০০০.০৩১.৫৮.৪৯৯.১৯.২৯


তারিখঃ ২১ মাঘ ১৪২৭ বঙ্গাব্দ  
০৪ ফেব্রুয়ারি, ২০২১ খ্রিষ্টাব্দ

বিষয়ঃ আগামী ১৭-২১ মার্চ, ২০২১ সময়কালে হংকং এ অনুষ্ঠিতব্য HKTDC International Sourcing Show শীর্ষক ভার্চুয়াল মেলায় অংশগ্রহণের জন্য আবেদন আহ্বান।

উপর্যুক্ত বিষয়ে দৃষ্টি আকর্ষণ পূর্বক জানানো যাচ্ছে যে, আগামী ১৭-২১ মার্চ, ২০২১ সময়কালে হংকং এ HKTDC International Sourcing Show শীর্ষক ভার্চুয়াল প্ল্যাটফর্মে মেলা অনুষ্ঠিত হবে। উক্ত মেলায় অংশগ্রহণের জন্য রপ্তানি উন্নয়ন ব্যুরো প্রাথমিকভাবে সিদ্ধান্ত গ্রহণ করেছে। মেলাটি হস্তশিল্পজাত দ্রব্য, জুট গুডস, হোম টেক্সটাইল খাতের একটি মেলা। মেলার অংশগ্রহণ ফি টা: ৬৭,০০০.০০ (সাতষট্টি হাজার) নির্ধারণ করা হয়েছে। অংশগ্রহণ ফি এর উপর ৫০% ভর্তুকি প্রদান করা হবে।

০২। আপনার প্রতিষ্ঠান/সমিতির সদস্য প্রতিষ্ঠানসমূহ উক্ত মেলায় অংশগ্রহণে আগ্রহী হলে প্রয়োজনীয় কাগজপত্রাদিসহ ব্যুরোর নির্ধারিত ছক মোতাবেক আবেদনপত্র আগামী ২৫ ফেব্রুয়ারি ২০২১ তারিখের মধ্যে ইপিবি'র মেলা ও প্রদর্শনী বিভাগে দাখিলের জন্য অনুরোধ করা হলো। আবেদনপত্রের সাথে অংশগ্রহণ ফি (৬৭,০০০.০০ এর ৫০%) ৩৩,৫০০.০০ (তেরিশ হাজার পাঁচশত) টাকা ইপিবি-এর অনুকূলে পে-অর্ডার আকারে জমা প্রদান করতে হবে। আবেদনপত্রের ছক [www.epb.gov.bd](http://www.epb.gov.bd) থেকে ডাউন লোড করা যাবে। এছাড়া আবেদন পত্রের সাথে (ইআরসি, ট্রেড লাইসেন্স, আয়কর ও ভ্যাট সার্টিফিকেট, সর্বশেষ অর্থবছরের পিআরসি) অবশ্যই দাখিল করতে হবে।

০৩। উল্লেখ্য, কোন প্রতিষ্ঠান নির্বাচিত হওয়ার পর কোন কারণে মেলায় অংশগ্রহণ না করলে অংশগ্রহণ ফি ফেরতযোগ্য নয়। তবে কোন আবেদনকারী প্রতিষ্ঠানকে মনোনীত করা না হলে তাদের অংশগ্রহণ ফি বাবদ দাখিলকৃত পে-অর্ডার ফেরৎ দেয়া হবে।

  
(মোঃ গোলাম ছামদানী)  
সহকারী পরিচালক (মেলা)

**বিতরণ : সদয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

০১. Chairman, Bangladesh Jute Mills Corporation, Adamjee Court (Annexe-1), 115-120, Motijheel Commercial Area, Dhaka. Email: [bjmc.bd@gmail.com](mailto:bjmc.bd@gmail.com)
০২. নির্বাহী পরিচালক, জুট ডাইভারসিফিকেশন প্রমোশন সেন্টার (জেডিপিসি), ১৪৫, মনিপুরিপাড়া, তেজগাও, ঢাকা।  
ইমেইলঃ [ed@jdpc.gov.bd](mailto:ed@jdpc.gov.bd), [info@jdpc.gov.bd](mailto:info@jdpc.gov.bd)
০৩. সভাপতি, বাংলাদেশ টেক্সটাইল এন্ড লিনেন ম্যানুফ্যাকচার্স এন্ড এক্সপোর্টার্স এসোসিয়েশন, স্যুট নং-৫০৭, পল্টন টাওয়ার (৬ষ্ঠ তলা), ৮৭, পুরান পল্টন লেন, ঢাকা। ইমেইল: [info@bttlmea.com.bd](mailto:info@bttlmea.com.bd)
০৪. সভাপতি, জাতীয় ক্ষুদ্র ও কুটির শিল্প সমিতি বাংলাদেশ (নাসিব), ৬০, আঞ্জুমান মফিদুল ইসলাম সড়ক, কাকরাইল, ঢাকা। ই-মেইল: [nascibbd@gmail.com](mailto:nascibbd@gmail.com)
০৫. President, Banglacraft, 7-9, Kawran Bazar, BTMC, Dhaka.  
E-mail : [banglacraftbd@gmail.com](mailto:banglacraftbd@gmail.com)
০৬. President, Bangladesh Jute Association, BJA Bhaban, 77, Motijheel C/A, Dhaka- 1000. E-mail: [bjute@bangla.net](mailto:bjute@bangla.net), [ngjute@gmail.com](mailto:ngjute@gmail.com)
০৭. President, Bangladesh Jute Goods Exporters Association, 3/12, Naya Paltan (4th Floor), Dhaka-1000, E-mail: [monem@vertexgroup.com.bd](mailto:monem@vertexgroup.com.bd); [bjgea@citech.net](mailto:bjgea@citech.net), [bjgea2016@gmail.com](mailto:bjgea2016@gmail.com)
০৮. প্রোগ্রামার, রপ্তানী উন্নয়ন ব্যুরো, ঢাকা। বিজ্ঞপ্তিটি ইপিবি'র ওয়েব সাইটে প্রদর্শনের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

**অনুলিপি (জ্ঞাতার্থে):**

- ০১। পিএ টু ডিজি-১, রপ্তানী উন্নয়ন ব্যুরো, ঢাকা। মহা-পরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য।
- ০২। পিএ টু পরিচালক (মেলা), রপ্তানী উন্নয়ন ব্যুরো, ঢাকা। পরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য।